অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের সন্ধ্যাকালীন যাতায়াতের সময় সতর্কতা অবলম্বন করার তাগিদ দিলেন যেহেতু তীব্র ঝড় নিউ ইয়র্ককে প্রভাবিত করে যাচ্ছে

স্টেটজুড়ে 40টির বেশি কাউন্টি তীব্র বজ্রঝড় পর্যবেক্ষণের অধীনে; স্টেট এজেন্সিসমূহ এবং সম্পদ সাড়াদানে সম্পূর্ণ প্রস্তুত

তীব্র আবহাওয়ার ফলে ঘণ্টায় 60+ মাইল দমকা হওয়া, ভারী বৃষ্টিপাত, বিপজ্জনক বজ্রপাত, ভারী শিলাবৃষ্টি এবং ঘূর্ণিঝড়ের মতো ঘটনার সৃষ্টি করছে; তীব্র বাতাসের ফলে বিদ্যুৎ বিভ্রাট হতে পারে, গাছের ডাল এবং বিদ্যুতের লাইন ভেঙ্গে পড়তে পারে

নিউ ইয়র্কবাসীদের সোমবার সন্ধ্যা পর্যন্ত আবহাওয়া নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে এবং প্রতিবেশীদের খেয়াল রাখতে তাগিদ দেওয়া হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কবাসীদের তাগিদ দিলেন সন্ধ্যাকালীন যাতায়াতের সময় সতর্কতা অবলম্বন করার তাগিদ দিলেন যেহেতু স্টেটের বেশিরভাগ অংশকে তীব্র ঝড় প্রভাবিত করে যাচ্ছে। বর্তমানে স্টেটজুড়ে 40টির বেশি কাউন্টি তীব্র বজ্রঝড় পর্যবেক্ষণের (Severe Thunderstorm Watch) অধীনে রয়েছে এবং আপস্টেট নিউ ইয়র্কের অনেক এলাকা ইতিমধ্যে ঘণ্টায় 60+ মাইল দমকা হওয়া, ভারী বৃষ্টিপাত, বজ্রপাত এবং ঘূর্ণিঝড়ের মতো ঘটনার সম্মুখীন হচ্ছে। ঝড়ের পথের সম্প্রদায়গুলিতে ভারী শিলাবৃষ্টিও হতে পারে। তীব্র বাতাস এইসব ঝড়ের মূল উদ্বেগের কারণ হয়ে উঠে যেহেতু এর ফলে ব্যাপক বিস্তৃত বিদ্যুৎ বিভ্রাট হতে পারে এবং গাছের ডাল এবং বিদ্যুতের লাইন ভেঙ্গে পড়তে পারে। এই পরিস্থিতিতে, গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে, বিশেষ করে স্টেটের পূর্বাংশের বাসিন্দাদের সন্ধ্যাকালীন যাতায়াতের সময় অতিরিক্ত সতর্কতা অবলম্বন করার, এবং একই সাথে ঝড়ের পুরো সময় প্রতিবেশী ও প্রিয়জনদের খবর নেওয়ার জন্য তাগিদ দিচ্ছেন।

"স্টেটের মধ্যে বর্তমানে হতে থাকা তীব্র আবহাওয়ার ঘটনা আজকে বিকালে এবং সন্ধ্যায় একাধিক এলাকাকে তীব্র বাতাস, ভারী বৃষ্টিপাত, এবং ঘূর্ণিঝড়ের মতো অন্যান্য সম্ভাব্য বিপজ্জনক প্রভাবে প্রভাবিত করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে," **গভর্নর হোকল বলেন বলেন।** "আমি এই ঝড়ের পথে থাকা সকলকে জোর তাগিদ দিচ্ছি বিকাল ও সন্ধ্যায় প্রভাব সম্পর্কে জানতে নিজেদের স্থানীয় আবহাওয়া পূর্বাভাসে নজর রাখার জন্য, এবং ব্যবস্থা গ্রহণে প্রস্তুত থাকার জন্য।"

স্টেটজুড়ে একাধিক এলাকায় একাধিক তীব্র আবহাওয়া ওয়াচ এবং সতর্কতা কার্যকর করা হয়েছে।আবহাওয়া সতর্কতা এবং পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকার জন্য, জাতীয় আবহাওয়া সেবার (National Weather Service) ওয়েবসাইট https://alerts.weather.gov ভিজিট করুন। নিউ ইয়র্কবাসীদের alert.ny.gov থেকে NY অ্যালার্টে (NY Alert) সাবস্ক্রাইব করে জরুরি সতর্কতার জন্য সাইন আপ করতে উৎসাহিত করা যাচ্ছে, এটি একটি বিনামূল্যে প্রদত্ত সেবা যা আপনার সেল ফোন বা কম্পিউটারে অতি গুরুত্বপূর্ণ জরুরি তথ্য প্রদান করে।

নিউ ইয়র্ক স্টেট হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশনের (New York State Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "আজকে বিকালেনিউ ইয়র্কের অনেকাংশ ইতিমধ্যেই তীব্র আবহাওয়ার সম্মুখীন হয়েছে, কিন্তু প্রকৃতির আক্রোশ এখনো শেষ হয়নি। আমরা যখন সন্ধ্যাকালীন ঘণ্টাগুলির দিকে যাচ্ছি, তখন এই তীব্র ঝড় স্টেটের পূর্ব অংশে চলতে থাকবে, যা সন্ধ্যাকালীন যাতায়াতের সময় নিউ ইয়র্কবাসীদের জন্য অতিরিক্ত সতর্কতা অবলম্বন করা অতি গুরুত্বপূর্ণ করেছে। আমাদের জরুরি সাড়াদান দলগুলি প্রতিটি নতুন ঘটনার উপর নজর রাখছে এবং আমাদের স্থানীয় অংশীদারদের সাথে নিবিড় সমন্বয় করছে যাতে করে তাদের সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখতে প্রয়োজনীয় সকল সংস্থান তাদের কাছে থাকা নিশ্চিত করতে পারে।"

<u>এজেন্সির প্রস্তুতি</u>

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

নিউ ইয়র্ক স্টেট হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র (Emergency Operations Center) সক্রিয় করা হয়েছে এবং এটি নিবিড়ভাবে অবস্থা পর্যবেক্ষণ করবে, সাড়াদান কার্যক্রম সমন্বয় করবে, এবং দুর্যোগের সময়জুড়ে স্থানীয়দের সাথে যোগাযোগ রক্ষা করবে। পাম্প, চেইন স, বালির বস্তা জেনারেটর, খাট, কম্বল ও বোতলজাত পানিসহ ঝড়-সংক্রান্ত প্রয়োজনীয় সংস্থান প্রয়োজনে ক্ষতিগ্রস্ত লোকজনের কাছে পৌঁছে দিতে স্টেটের মজুদ প্রস্তুত রয়েছে।

পরিবহন বিভাগ

স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation, DOT) 3,380 সুপারভাইজার এবং অপারেটর নিয়ে সাড়াদান করতে প্রস্তুত আছে। সকল মাঠ পর্যায়ের কর্মীরা সম্পূর্ণভাবে নিযুক্ত হতে ও সাড়া দিতে তৈরি আছে।কর্মীদের প্রয়োজনীয় যেকোনও ধরনের সাড়াদান দল হিসেবে গঠন করা যাবে (বন্যার সাড়াদান, চিপার, ভরা ও টানা, সিউয়ার জেট, কাটা ও ফেলা, ট্র্যাফিক সিগন্যাল, ইত্যাদি)। প্রস্তুতিস্বরূপ, দলগুলি ড্রেনেজ কাঠামো পরীক্ষা ও পরিষ্কার করেছে সেগুলিকে রাবিশ ও আটকে যাওয়া থেকে মুক্ত রাখতে। স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,471টি বড় ডাম্প ট্রাক
- 309টি বড় লোডার

- ট্র্যাকযুক্ত ও চাকাযুক্ত 77টি এক্সক্যাভেটর
- 75টি চিপার
- 18টি গ্রেডার
- সিউয়ার জেটসহ 14টি ভ্যাকুয়াম ট্রাক
- 14টি ট্রি ক্রু বাকেট ট্রাক

থ্রুওয়ে কর্তৃপক্ষ
থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority) ঝড়ো বাতাস বা বন্যা সংক্রান্ত যেকোনো পরিস্থিতি মোকাবেলায় স্টেটজুড়ে 633 জন অপারেটর ও সুপারভাইজারকে, ছোট থেকে মাঝারি আকারের এক্সক্যাভেটর, প্লাও/ডাম্প ট্রাক, বড় লোডার এবং বেশ কিছু বহনযোগ্য ভ্যারিয়েবল মেসেজ সাইন (Variable Message Signs, VMS) বোর্ড, বহনযোগ্য লাইট টাওয়ার, ছোট জেনারেটর, ছোট পাম্প ও সরঞ্জাম টানার ট্রেলার এবং সেই সাথে যেকোনও ধরনের পথ ঘোরানো বা বন্ধের জন্য ট্রাফিক সাইন ও অন্যান্য ট্রাফিক নিয়ন্ত্রণ যন্ত্র নিয়ে প্রস্তুত আছে। থ্রুওয়েতে মোটরচালকদের সতর্ক করতে বিভিন্ন রকমের বার্তার চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 358টি বড় ও ছোট ডাম্প ট্রাক
- 65টি লোডার
- 31টি ট্রেইলার
- 7টি ভ্যাক ট্রাক
- 15টি এক্সক্যাভেটর
- 9টি ব্রাশ চিপার্স
- 99টি চেইন স
- 13টি এরিয়াল ট্রাক
- 22টি স্কিড স্টিয়ার
- 84টি বহনযোগ্য জেনারেটর
- 67টি বহনযোগ্য লাইট ইউনিট

থ্রুওয়ে অথরিটির মোবাইল অ্যাপ বিনামূল্যে ডাউনলোড করতে মোটোরিস্টদের উৎসাহ দেওয়া হচ্ছে, যা iPhone এবং Android ডিভাইসে পাওয়া যাবে। অ্যাপটি মোটরযান চালকদের প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরচালকরাট্রান্সঅ্যালার্ট ইমেলের জন্য সাইন আপ করতে পারেন যা থ্রুওয়ের সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে, টুইটারে @ThruwayTraffic ফলো করুন এবং থ্রুওয়ের ও নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য সড়কগুলিতে ট্রাফিকের অবস্থা দেখানো একটি ইন্টার্যাক্টিভ ম্যাপ দেখতে thruway.ny.gov দেখুন।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)

DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ম্যানেজমেন্ট স্টাফ এবং আঞ্চলিক স্টাফরা সতর্ক থাকবেন এবং পরিবর্তিত পরিস্থিতিতে নজর রাখবেন এবং খারাপ আবহাওয়ার দরুন ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে এরকম এরিয়া এবং অবকাঠামোগুলিতে তারা টহলদারি চালাবেন। সকল উপলভ্য সম্পদ যেকোনও জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলেরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্কের দর্শনার্থীদের নজর রাখা উচিত parks.ny.govএ বা পার্কের সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে ফোন করা উচিত।

জনসেবা বিভাগ (Department of Public Service)

নিউ ইয়র্ক স্টেটজুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, পরিস্থিতি মোকাবেলা ও পুনরুদ্ধার প্রচেষ্টার উদ্দেশ্যে নিয়োজিত করার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটিগুলির কাছে বর্তমানে প্রায় 6,500 জন শ্রমিক রয়েছে। এজেন্সির কর্মীরা পুরো সময় ইউটিলিটিগুলির কার্যক্রমের উপর নজর রাখবে এবং সবথেকে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর পর্যাপ্ত কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

উপরন্তু:

- জাতীয় গ্রিড এই ঘটনার জন্য আনুমানিক 450টি বাহ্যিক লাইন সংস্থান নিশ্চিত করেছে।
- কেন্দ্রীয় হাডসন এই ঘটনার জন্য 50টি বাহ্যিক পারস্পরিক সহায়তার লাইন সংস্থান নিশ্চিত করেছে।
- নিউ ইয়র্ক স্টেট ইলেকট্রিক এবং গ্যাস (New York State Electric & Gas, NYSEG) এই ঘটনার জন্য 500টি বাহ্যিক চুক্তি লাইন এবং কানাডিয়ান পারস্পরিক সহায়তা লাইন সংস্থান নিশ্চিত করেছে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

স্টেট পুলিশ (State Police) ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ট্রুপার মোতায়েন করতে প্রস্তুত। চার চাকার যানবাহন, এবং ইউটিলিটি টাস্ক যানবাহন সহ বিশেষভাবে তৈরি স্টেট পুলিশের সমস্ত গাড়ী অবিলম্বে সহায়তার জন্য তৈরি এবং প্রস্তুত রয়েছে। সকল ট্রুপ, জরুরি শক্তি এবং যোগাযোগ সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি

মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) নিরাপদ, নির্ভরযোগ্য সেবা নিশ্চিত করতে নিবিড়ভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে। MTA কর্মীদের যেকোনও আবহাওয়া সম্পর্কিত সমস্যায় সাড়াদান বা ট্র্যাকের উপর ভেঙ্গে পড়া যেকোনও গাছ সরাতে প্রস্তুত থাকবে।

MTA ব্রিজেস এবং টানেলস খালি ট্রাক্টর-ট্রেইলার এবং ট্যান্ডেম ট্রাকের উপর একটি নিষেধাজ্ঞা বাস্তবায়ন করবে, সোমবার দুপুর 2:00টা থেকে রাত 10টা পর্যন্ত। ক্রস বে এবং ম্যারিন পার্কওয়ে ব্রিজগুলিতে পথচারীদের হাঁটার রাস্তাও এই সময় বন্ধ থাকবে। আবহাওয়া ঠিক থাকলে, রবার্ট এফ. কেনেডি এবং হেনরি হাডসন ব্রিজগুলির পথচারীদের হাঁটার রাস্তা খোলা থাকবে।

গ্রাহকদেরকে পরিষেবার সর্বশেষ আপডেট জানতে new.mta.info চেক করার জন্য, এবং সিস্টেম ব্যবহারের সময়ে সতর্কতা অবলম্বনের জন্য উৎসাহিত করা হচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। MTA-এর অ্যাপগুলির মাধ্যমেও এই সতর্কতা পাওয়া যায়: MYmta, লং আইল্যান্ড রেলপথের ট্রেনের সময় এবং মেট্রো-নর্থ ট্রেনের সময়।

বন্দর কর্তৃপক্ষ (Port Authority)
পোর্ট অথরিটিও আবহাওয়া পরিস্থিতির উপর নজর রাখছে। ব্রিজ, সর্বোপরি রোডওয়ে বরাবর এবং ক্রসিংগুলিতে গতির উর্ধ্বসীমা বেঁধে দেওয়া হতে পারে। বিলম্ব এবং বাতিলকরণের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য ক্যারিয়ার এবং এয়ারলাইনের সাথে সরাসরি যোগাযোগ করতে পোর্ট অথরিটির ফেসিলিটি থেকে যাত্রীদের উৎসাহ দেওয়া হচ্ছে। পোর্ট অথোরিটির ফ্যাসিলিটিগুলো সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA অ্যালার্ট-এর জন্য সাইন-আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন, যেমন রাইড পাথ (RidePATH) যেটি পাথ (PATH) সার্ভিসের জন্য রিয়েল-টাইম আপডেট ও অ্যালার্ট প্রদান করে।

<u>তীব্র আবহাওয়ার নিরাপত্তা পরামর্শ</u>

প্রস্তুতি

- আপনি যেখানে বসবাস করেন সেখানের কাউন্টি এবং নিকটবর্তী শহরগুলির নাম জানুন। গুরুতর আবহাওয়ার সতর্কতা কাউন্টির ভিত্তিতে জারি করা হয়।
- আপনাকে তাড়াতাড়ি চলে যেতে হতে পারে তাই আপনার বাড়ির বা ব্যবসা থেকে উঁচু, নিরাপদ স্থানে যাওয়ার নিরাপদতম রুটটি জেনে রাখুন।
- একটি 'পরিবার নিয়ে পলায়ন' পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে একটি দেখা করার স্থান সনাক্ত করে রাখুন।
- আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যানের খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও খাওয়ার পানির জরুরি সরবরাহ বেশি করে জমা করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং জরুরি রান্নার সরঞ্জাম হাতের কাছে রাখুন।

- আপনার যানবাহনে জ্বালানি ভরে বা চার্জ দিয়ে রাখুন। যদি বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়, তাহলে পেট্রোল স্টেশনগুলি বেশ কয়েক দিন জ্বালানি পাম্প করতে নাও পারে। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
- দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলি নাগালের মধ্যে রাখুন, যার মধ্যে রয়েছে:
    - ফ্ল্যাশলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
        - ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
            - ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল
                - জরুরি খাদ্য এবং পানি
                    - অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
                        - অপরিহার্য ওষুধ
                            - চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, ATM কার্ড

হঠাৎ বন্যা

- বন্যায় ডুবে যাওয়া রাস্তা দিয়ে গাড়ি চালিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। গাড়ি ঘোরান এবং অন্য রাস্তা দিয়ে যান।
- যদি আপনার গাড়ির চারপাশে দ্রুত পানি বাড়তে থাকে, তাহলে অবিলম্বে যান পরিত্যাগ করুন।
- দ্রুত গতিতে বয়ে চলা পানির ক্ষমতাকে অগ্রাহ্য করবেন না। দ্রুত গতিতে বয়ে চলা দুই ফুট উচ্চতার পানিতে আপনার গাড়ি ভাসিয়ে নিবে এবং দুই মাইল বেগে বয়ে চলা পানি আপনার গাড়িকে রাস্তা বা ব্রিজ থেকে টেনে নিয়ে যাবে।

বজ্রপাত

- 30-30 নিয়ম অনুসরণ করুন: আপনি একটি বিদ্যুৎ চমকাতে দেখা এবং বাজের আওয়াজ শোনার মধ্যে 30 সেকেন্ড বা তার কম সময় লাগলে, বজ্রপাতটি আপনাকে আঘাত করার মতো যথেষ্ট কাছে রয়েছে। অবিলম্বে আশ্রয় খুঁজুন। শেষ বিদ্যুৎ চমকানোর পর, আপনার আশ্রয় ত্যাগ করার পূর্বে 30 মিনিট অপেক্ষা করুন।
- বজ্রপাত সবথেকে লম্বা বস্তুকে আঘাত করে। আপনি যদি একটি গাছের লাইনের উপরে থাকেন, দ্রুত তার নিচে যান এবং আপনি একটি খোলা স্থানে থাকলে নিচু হয়ে বসুন।
- আপনি যদি একটি আশ্রয়কেন্দ্রে না যেতে পারেন, গাছ থেকে দূরে থাকুন। কোনও আশ্রয় না থাকলে, খোলা স্থানে নিচু হয়ে বসুন, কোনও গাছ যত লম্বা তার দ্বিগুণ দূরে থাকুন।

ঘূর্ণিঝড়

- ঘরের বাইরে থাকা অবস্থায় ঘূর্ণিঝড় সতর্কতা জারি হলে, অবিলম্বে আশ্রয় খুঁজুন। যদি কাছাকাছি কোনও আশ্রয় না থাকে তবে আপনার হাত দিয়ে আপনার মাথা ঢেকে একটি খাদ বা নিচু স্থানে লম্বা হয়ে শুয়ে পড়ুন।

- বাড়িতে বা ছোট কোনও ভবনে থাকলে, বেজমেন্ট বা ভবনের নিচ তলার ভেতরের একটি কক্ষে যান। জানালা থেকে দূরে থাকুন। আলমারি, বাথরুম, এবং অন্যান্য অভ্যন্তরীণ কক্ষগুলি সর্বোত্তম সুরক্ষা সরবরাহ করে। মজবুত কিছুর নিচে যান বা নিজেকে একটি গদি দিয়ে ঢেকে রাখুন।
- স্কুল, হাসপাতাল, বা শপিং সেন্টারে থাকলে, পূর্বে নির্ধারিত আশ্রয় এলাকায় যান। বড় খোলা এলাকা এবং জানালা থেকে দূরে থাকুন। বাইরে আপনার গাড়ির কাছে যাবেন না।
- একটি উঁচু ভবনে, সম্ভাব্য সর্বনিম্ন তলার একটি অভ্যন্তরীণ ছোট কক্ষ বা হলওয়েতে যান। এলিভেটর ব্যবহার করবেন না - সিঁড়ি ব্যবহার করুন।

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর নিরাপত্তা পরামর্শ সংক্রান্ত ওয়েবপেইজ www.dhses.ny.gov/safety দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন